

স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৪০.০২৭.২৫(অংশ)-২৪৩

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২
২৩ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়: ১৪৪৭ হিজরি/ ২০২৬ সনের হজ মৌসুমে জিলহজ মাসের ১০ তারিখে বাংলাদেশের হাজিদের কুরবানি (আদাহী) সম্পাদন প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরবের স্মারক নং-১৬.০৪.০০০০.০০০.১৪.০০১.২২-৭০; তারিখ: ২২/০২/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সৌদি হজ ও ওমরাহ মন্ত্রণালয় হতে ১৪৪৭ হিজরি/ ২০২৬ সনের হজ মৌসুমে দ্রুততম সময়ে Nusuk Masar এ কুরবানি ক্রয় সাপেক্ষে বাংলাদেশের সকল হাজিদের কুরবানি জিলহজ মাসের ১০ তারিখে সম্পন্নের লক্ষ্যে একটি নির্ধারিত গুগল ফর্ম এর লিংক প্রদান করা হয়েছে। উক্ত গুগল ফর্ম এর মাধ্যমে বাংলাদেশের সংশ্লিষ্ট এজেন্সিসমূহকে হাজিদের আদাহী সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য প্রদান করতে অনুরোধ করা হলেও মাত্র ০৭ টি এজেন্সি গুগল ফর্ম পূরণ করেছে। অবশিষ্ট সকল এজেন্সির তথ্য গুগল ফর্ম এর মাধ্যমে অবিলম্বে প্রেরণ করা না হলে সৌদি হজ ও ওমরাহ মন্ত্রণালয়ের পক্ষে জিলহজ মাসের ১০ তারিখে বাংলাদেশের হাজিদের কুরবানি সম্পাদন অনিশ্চিত হয়ে পড়বে। এতে বাংলাদেশে অনুসারিত মাজহাব অনুযায়ী হাজিদের ইহরাম ত্যাগ না করে হজের তৃতীয় দিন পর্যন্ত কুরবানির জন্য অপেক্ষা করতে হবে যা অত্যন্ত কষ্টসাধ্য হবে।

০২। বর্ণিতাবস্থায়, ১৪৪৭ হিজরি/ ২০২৬ সনের হজে বাংলাদেশের সকল হাজিদের কুরবানি জিলহজ মাসের ১০ তারিখে সম্পন্নের লক্ষ্যে অবশিষ্ট সকল এজেন্সিকে সরবরাহকৃত নির্ধারিত গুগল ফর্ম অতি দ্রুত পূরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। সূত্র হজ ব্যবস্থাপনার স্বার্থে বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি: গুগল ফর্ম এর লিংক <https://forms.gle/uaKRRZUK8AD9AngTA>

২৬/০২/২০২৬
মোহাম্মদ সাফিউজ্জামান ভূইয়া
উপসচিব
ফোন: +৮৮০২-৫৫১০১১১৯
e-mail: hajj_secl@mora.gov.bd

স্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার

২০২৬ সনের হজ কার্যক্রম পরিচালনাকারী সকল লিড/অংশগ্রহণকারী এজেন্সি

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৪. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা।
৭. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ঢাকা (পত্রটি হজ পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
৮. অফিস কপি।